

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/০৩ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ৩৩৮-আইন/২০১৭।—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০ নং আইন) এর ধারা ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। শিরোনাম।—এই বিধিমালা হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “অধস্তন কর্মকর্তা” অর্থ প্রধান ওয়ার্ডেনের অধীনস্থ ফরেস্ট রেঞ্জার, ওয়াইল্ডলাইফ রেঞ্জার, ওয়াইল্ডলাইফ সুপারভাইজার, ওয়াইল্ডলাইফ ইন্সপেক্টর বা তদূর্ধ্ব কোনো বন কর্মকর্তা;
- (২) “আইন” অর্থ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০ নং আইন);
- (৩) “খামার” অর্থ যে স্থানে ১০ (দশ) টির অধিক সংখ্যক হরিণ বা ১ (এক) টি হাতি লালন-পালন করা হয়;
- (৪) “খামারী” অর্থ কোনো ব্যক্তি যিনি কোনো খামার পরিচালনা করেন;
- (৫) “চারণ সার্টিফিকেট” অর্থ বিধি ৯ এ উল্লিখিত চারণ সার্টিফিকেট;

(১৭৬৩৯)

মূল্য : টাকা ৩০.০০

- (৬) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
- (৭) “পজেশন সার্টিফিকেট” অর্থ বিধি ৭ এ উল্লিখিত পজেশন সার্টিফিকেট;
- (৮) “প্রধান ওয়ার্ডেন” অর্থ আইনের ধারা ২(২৩) এ সংজ্ঞায়িত প্রধান ওয়ার্ডেন;
- (৯) “ফরম” অর্থ এই বিধিমালার কোনো ফরম;
- (১০) “লাইসেন্স” অর্থ বিধি ৫ এর অধীন ইস্যুকৃত লাইসেন্স;
- (১১) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ বিধি ৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;
- (১২) “শৌখিন লালন-পালনকারী” অর্থ কোনো ব্যক্তি যিনি বাণিজ্যিক উদ্দেশ্যে হরিণ লালন-পালন করেন না এবং যাহার নিকট অনধিক ১০ (দশ) টি হরিণ রহিয়াছে; এবং
- (১৩) “হরিণ” অর্থ আইনের তফসিল-২ তে উল্লিখিত স্তন্যপায়ী (Mammals) শ্রেণিতে বর্ণিত চিত্রা হরিণ ((Spotted Deer) {Axis axis (Erleben, 1777)};
- (১৪) “হাতি” অর্থ আইনের তফসিল ১ এ উল্লিখিত Proboscidea বর্গ ও Elephantidae পরিবারের আওতায় বর্ণিত হাতি (*Elephas maximus*)।

দ্বিতীয় অধ্যায়

লাইসেন্স, পজেশন সার্টিফিকেট, চারণ সার্টিফিকেট, ইত্যাদি

৩। লাইসেন্সিং কর্তৃপক্ষ।—এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে প্রধান ওয়ার্ডেন বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা।

৪। হরিণ ও হাতি লালন-পালন এবং খামার স্থাপন বা পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন।—(১) কোনো খামারী এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত হরিণ বা হাতি লালন-পালন বা খামার স্থাপন ও পরিচালনা করিতে পারিবেন না।

(২) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি বাংলাদেশ চিত্রল হরিণ লালন-পালন সংক্রান্ত নীতিমালা-২০০৯ এবং বাংলাদেশ হাতি লালন-পালন নীতিমালা-২০১১ এর অধীন লাইসেন্স গ্রহণ করিয়া থাকিলে, তাকে এই বিধিমালা জারি হইবার পর অনধিক এক (০১) বছরের মধ্যে এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো খামারীকে তফসিলে উল্লিখিত প্রসেস ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানোর কপি সংযুক্ত করিয়া “ফরম ক” অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাহার অধস্তন কোনো কর্মকর্তাকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নির্দেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অধস্তন কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই এবং হরিণ বা হাতির সংখ্যা অনুযায়ী স্থান, রিয়ারিং শেড, জলাধার ও উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা সরেজমিনে তদন্তপূর্বক উক্তরূপ প্রতিবেদন দাখিল করিবেন।

৫। লাইসেন্স ইস্যু।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক যথাশীঘ্র সম্ভব উহার উপর সিদ্ধান্ত গ্রহণ করত “ফরম খ” অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স ফি জমা প্রদান সাপেক্ষে, লাইসেন্স ইস্যু করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিলে উল্লিখিত লাইসেন্স ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য আদেশ প্রদান করিবে।

(৩) কোনো আবেদনকারীর আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন ইস্যুকৃত লাইসেন্সের অনুলিপি যথাশীঘ্র সম্ভব সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

৬। লাইসেন্স নবায়ন।—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স নবায়নযোগ্য হইবে।

(২) লাইসেন্স নবায়নের জন্য উহার মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে “ফরম গ” অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আবেদন পত্রের সহিত পজেশন সার্টিফিকেটের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৪) নবায়নের জন্য আবেদন পত্র প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার অধস্তন কোনো কর্মকর্তা দ্বারা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং হরিণ বা হাতির সংখ্যা অনুযায়ী স্থান, রিয়ারিং শেড, জলাধার ও উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা পুনরায় সরেজমিনে তদন্ত সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিলে উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য আদেশ প্রদান করিবে।

(৬) এই বিধির অধীন আবেদনপত্র নিষ্পত্তি না হওয়া পর্যন্ত খামারী তাহার হরিণ বা হাতি লালন-পালন ও খামারের কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন।

(৭) কোনো আবেদনকারীর লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৭। পজেশন সার্টিফিকেট।—(১) কোনে শৌখিন লালন-পালনকারী এবং লাইসেন্স প্রাপ্তির পর কোনো খামারী পজেশন সার্টিফিকেট ব্যতীত হরিণ বা হাতি নিজ মালিকানায় বা দখলে রাখিতে পারিবেন না।

(২) পজেশন সার্টিফিকেটের জন্য প্রত্যেক হরিণ বা হাতির জন্য তফসিলে উল্লিখিত পজেশন ফি বাৎসরিক ভিত্তিতে সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানোর কপি সংযুক্ত করিয়া “ফরম ঘ” অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে “ফরম ঙ” অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য পজেশন সার্টিফিকেট ইস্যু করিবে।

৮। পজেশন সার্টিফিকেট নবায়ন।—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত পজেশন সার্টিফিকেট নবায়নযোগ্য হইবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ, শৌখিন লালন-পালনকারী বা খামারী কর্তৃক বাৎসরিক পজেশন ফি জমা প্রদান সাপেক্ষে, কোনো পজেশন সার্টিফিকেট পরবর্তী বৎসরের জন্য নবায়ন করিতে পারিবে।

৯। চারণ সার্টিফিকেট।—(১) কোনো খামারী চারণ সার্টিফিকেট ব্যতীত সরকারি বনাঞ্চলের হাতি চারণ করিতে পারিবেন না।

(২) চারণ সার্টিফিকেটের জন্য প্রত্যেক হাতির জন্য তফসিলে উল্লিখিত চারণ ফি বাৎসরিক ভিত্তিতে সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানোর কপি সংযুক্ত করিয়া “ফরম চ” অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর ১৫ (পনের) দিনের মধ্যে “ফরম ছ” অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য চারণ সার্টিফিকেট ইস্যু করিবে।

১০। চারণ সার্টিফিকেট নবায়ন।—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত চারণ সার্টিফিকেট নবায়নযোগ্য হইবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ, কোনো খামারী কর্তৃক বাৎসরিক চারণ সার্টিফিকেট ফি জমা প্রদান সাপেক্ষে, কোনো চারণ সার্টিফিকেট পরবর্তী বৎসরের জন্য নবায়ন করিতে পারিবে।

১১। লাইসেন্স, পজেশন সার্টিফিকেট ও চারণ সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু।—(১) কোনো ব্যক্তির লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার ক্ষেত্রে, উক্ত ব্যক্তি তফসিলে উল্লিখিত সংশ্লিষ্ট প্রতিলিপি ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানোর কপি সংযুক্ত করিয়া, উক্ত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা, ক্ষেত্রমত, চারণ সার্টিফিকেটের প্রতিলিপির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার বিষয়ে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী করত উহার কপি সংযুক্ত করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এ উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে, লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেটের প্রতিলিপি মূল লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেটের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে, যদি না উহা ইতিপূর্বে বাতিলকৃত হয়, এবং লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেটের প্রতিলিপিতে এই মর্মে পৃষ্ঠাংকন থাকিবে যে, ইহা একটি প্রতিলিপি লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেট।

তৃতীয় অধ্যায়

হরিণ ও হাতি লালন-পালনের জন্য প্রতিপালনীয় শর্তাবলি এবং হরিণ ও হাতি বিক্রয়, ইত্যাদি

১২। হরিণ ও হাতি লালন-পালনের জন্য প্রতিপালনীয় শর্তাবলি।—(১) হরিণ লালন-পালনের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা :—

- (ক) নিজস্ব মালিকানা, ভাড়া বা সরকারের নিকট হইতে দীর্ঘ মেয়াদী ইজারামূলে প্রাপ্ত ভূমির দখল থাকিতে হইবে;
- (খ) শৌখিন লালন-পালনকারী এবং খামারী উভয় ক্ষেত্রে প্রত্যেক হরিণের বিশ্রামের জন্য ন্যূনতম সেডের পরিমাপ হইবে ১০০ বর্গফুট এবং উচ্চতা ন্যূনতম ১০ ফুট;
- (গ) সেডের মধ্যে দানাদার খাবার, খনিজ লবণ ও সুপেয় পানি সরবরাহের জন্য ভিন্ন ভিন্ন পাত্রের ব্যবস্থা থাকিতে হইবে এবং পর্যাপ্ত সুপেয় পানি ও সুস্বাদু খাদ্যের সরবরাহ নিশ্চিত করিতে হইবে;
- (ঘ) উপরি-বর্ণিত সেডের আয়তন ছাড়াও প্রত্যেক হরিণের বিচরণ ক্ষেত্রের পরিমাপ হইবে ন্যূনতম ৫০০ বর্গফুট পরিমাণ উন্মুক্ত ভূমি;
- (ঙ) সেড এবং বিচরণ ক্ষেত্রের চতুর্দিকে পর্যাপ্ত নিরাপত্তা বেটনীর বলয় (উচ্চতা ন্যূনতম ১০ ফুট) থাকিতে হইবে; এবং
- (চ) হরিণ লালন-পালনের স্থান বা খামার যে সকল প্রাকৃতিক বনে হরিণ পাওয়া যায় উহার সীমানা হইতে ন্যূনতম ৩০ (ত্রিশ) কিলোমিটার দূরত্বে স্থাপন করিতে হইবে।

(২) হাতি লালন-পালনের জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা :—

- (ক) নিজস্ব মালিকানা, ভাড়া বা সরকারের নিকট হইতে দীর্ঘ মেয়াদী ইজারামূলে প্রাপ্ত ভূমির দখল থাকিতে হইবে;
- (খ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে চারণ সার্টিফিকেট গ্রহণ ব্যতিরেকে সরকারি বনাঞ্চলে হাতি চারণ (Grazing) করা যাইবে না;
- (গ) প্রত্যেক হাতির কানে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে নির্ধারিত মূল্যে ট্যাগ (Tag) ক্রয় করত স্থানীয় বন কর্মকর্তার তত্ত্বাবধানে উহা দ্বারা চিহ্নিত করিতে হইবে;
- (ঘ) বাচ্চা প্রসবের ৯০ (নব্বই) দিনের মধ্যে বাচ্চা হাতির কানে ট্যাগ দ্বারা চিহ্নিত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা জারি হইবার পূর্বে যদি খামারী অথবা শৌখিন লালন-পালনকারী কর্তৃক, যে সকল প্রাকৃতিক বনে হরিণ পাওয়া যায় উহার সীমানার ন্যূনতম ৩০ (ত্রিশ) কিলোমিটার দূরত্বের মধ্যে, হরিণ লালন-পালন করা হয় তাহা হইলে এই বিধিমালা জারির অনধিক ১২০ (একশত বিশ) দিনের মধ্যে উহা অন্যত্র স্থানান্তর করিতে হইবে।

১৩। হরিণ ও হাতি বিক্রয়, ইত্যাদি।—(১) সংখ্যাধিক্য, লাইসেন্স বাতিল, লাইসেন্স নবায়নে ব্যর্থতা, বিধি ১৭ এর উপ-বিধি (৩) এর অধীন অবহিতকরণের ভিত্তিতে পজেশন সার্টিফিকেট বাতিল বা অন্য যে কোনো কারণে কোনো খামারী, শৌখিন লালন-পালনকারী বা অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান লাইসেন্সিং কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিরেকে কোনো হরিণ বা হাতি বা উহাদের কোনো ট্রিফি ক্রয়, বিক্রয়, দান, বিনিময় বা অন্য কোনোভাবে হস্তান্তর করিতে পারিবেন না।

(২) শৌখিন লালন-পালনকারীর হরিণের সংখ্যা ১০ (দশ) অতিক্রম করিবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ইতোমধ্যে উহা বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করা না হইলে, খামারী হিসাবে লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যদি উক্তরূপ লাইসেন্স ইস্যু না করা হয় তাহা হইলে লাইসেন্সের আবেদন না মঞ্জুর করিবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপ-বিধি (১) এর বিধান অনুসরণক্রমে হরিণ বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করা যাইবে।

১৪। হরিণ ও হাতি জন্ম ও বাজেয়াপ্তকরণ।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে কোনো হরিণ বা হাতি জন্ম করিতে পারিবে, যথা:—

(ক) বিধি ১২ এর—

- (অ) উপ-বিধি (২) এর অধীন কোনো হাতির বাচ্চা প্রসবের ৯০ (নব্বই) দিনের মধ্যে উহার কানে ট্যাগ (Tag) দ্বারা চিহ্নিত করা না হইলে ;
- (আ) উপ-বিধি (৩) এর অধীন হরিণ স্থানান্তর না করা হইলে; বা
- (খ) বিধি ১৩ এর উপ-বিধি (২) এর শর্তাংশের অধীন কোনো হরিণ বিক্রয় বা হস্তান্তর করা না হইলে।
- (২) উপ-বিধি (১) এর অধীন জন্মকৃত কোনো হরিণ বা হাতি সরকারের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য হইবে।

চতুর্থ অধ্যায়

তথ্য সংরক্ষণ, প্রতিবেদন, রেজিস্টার সংরক্ষণ, ইত্যাদি

১৫। তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন।—(১) প্রত্যেক শৌখিন লালন-পালনকারী ও খামারীকে হরিণ বা হাতির সংখ্যা বৃদ্ধি এবং হ্রাস সংক্রান্ত একটি রেজিস্টার “ফরম জ” অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত রেজিস্টারে একটি অনুলিপি সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে পরবর্তী বৎসরের জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করিতে হইবে।

(২) কোনো হরিণ বা হাতি বাচ্চা প্রসব করিলে বা কোনো হরিণ বা হাতির মৃত্যু ঘটিলে উক্তরূপ বাচ্চা প্রসব বা মৃত্যুর অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে শৌখিন লালন-পালনকারী বা, ক্ষেত্রমত, খামারী সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে রেজিস্টার্ড ভেটেরিনারি সার্জন কর্তৃক ইস্যুকৃত জন্ম বা মৃত্যু সার্টিফিকেটসহ একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) সংশ্লিষ্ট ওয়ার্ডেন উপ-বিধি (১) বা (২) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর একটি অনুলিপি সংরক্ষণকরত যথাশীঘ্র সম্ভব উহা লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

(৪) প্রধান ওয়ার্ডেন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তদকর্তৃক প্রদত্ত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট ও চারণ সার্টিফিকেট এবং শৌখিন লালন-পালনকারী ও খামারী সম্পর্কিত তথ্যাদি সংক্রান্ত একটি রেজিস্টার “ফরম বা” অনুযায়ী সংরক্ষণ করিবেন এবং উক্ত রেজিস্টারের একটি অনুলিপি প্রধান ওয়ার্ডেনের অফিসে পরবর্তী বৎসর জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করিবেন।

(৫) প্রধান ওয়ার্ডেন উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত তথ্য যথাযথভাবে সংরক্ষণ করিবেন।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, “ওয়ার্ডেন” অর্থ আইনের ধারা ২ (২৩) এ সংজ্ঞায়িত ওয়ার্ডেন।

১৬। রেজিস্টার সংরক্ষণ।—এই বিধিমালার অধীন প্রত্যেক খামারীকে, আইনের ধারা ২৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি একটি রেজিস্টারে “ফরম এঃ” অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে এবং পরিদর্শনকারী কোনো কর্মকর্তা পরিদর্শনের সময় চাহিবামাত্র উহা প্রদর্শন করিতে হইবে।

পঞ্চম অধ্যায়

পরিদর্শন, লাইসেন্স স্থগিত বা বাতিল, পজেশন সার্টিফিকেট বাতিল, ইত্যাদি

১৭। পরিদর্শন।—(১) পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ যে কোনো সময়, কোনো প্রকার অগ্রিম নোটিশ ব্যতিরেকে, শৌখিন লালন-পালনকারী ও খামারীর হরিণ বা হাতি লালন-পালনের স্থান বা খামার পরিদর্শন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো কর্মকর্তা পরিদর্শনকালে বিধি ১৫ এর উপ-বিধি (১) এবং বিধি ১৬ এর অধীন রক্ষিত রেজিস্টার দেখিতে এবং শৌখিন লালন-পালনকারী বা খামারীকে জিজ্ঞাসাবাদ করিতে বা কোনো তথ্য চাহিতে পারিবেন এবং তিনি উক্ত রেজিস্টার প্রদর্শন বা প্রশ্নের জবাব প্রদান বা তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(৩) পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, কোনো শৌখিন লালন-পালনকারী বা খামারী এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্স, পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেটের কোনো শর্ত লঙ্ঘন করিয়াছেন তাহা হইলে তিনি নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে বিষয়টি লিখিতভাবে অবহিত করিবেন, যথা :—

(ক) খামারীর বিরুদ্ধে আইনের ধারা ২৫ এর অধীন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পজেশন সার্টিফিকেট ও চারণ সার্টিফিকেট বাতিলকরণ; এবং

(খ) শৌখিন লালন-পালনকারীর পজেশন সার্টিফিকেট বাতিলকরণ।

১৮। লাইসেন্স স্থগিত বা বাতিল।—(১) কোনো খামারী আইন বা বিধি বা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ তাহাকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো খামারী বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে তদ্বরাবরে ইস্যুকৃত লাইসেন্স মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করা হইলে বা উপ-বিধি (২) এর অধীন স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্স বাতিল হইবার পর কোনো খামারী তাহার কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন না।

১৯। পজেশন সার্টিফিকেট বা চারণ সার্টিফিকেট বাতিল।—(১) কোনো খামারীর লাইসেন্স বাতিল করা হইলে তাহার পজেশন সার্টিফিকেট, বা ক্ষেত্রমত, চারণ সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(২) কোনো শৌখিন লালন-পালনকারী আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে তাহাকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া তাহার পজেশন সার্টিফিকেট বাতিল করা যাইবে।

ষষ্ঠ অধ্যায়

বিবিধ

২০। দণ্ড।—কোনো ব্যক্তি নিম্নবর্ণিত কোনো কাজ করিলে তজ্জন্য তিনি আইনের ধারা ৪০ এর অধীন দণ্ডিত হইবেন, যথা:—

- (ক) বিধি ৪ এর অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত হরিণ বা হাতি লালন-পালন বা খামার স্থাপন ও পরিচালনা;
- (খ) বিধি ৬ এর অধীন লাইসেন্স নবায়ন ব্যতীত হরিণ ও হাতি লালন-পালন বা খামার পরিচালনা অব্যাহত রাখা;
- (গ) বিধি ১৬ এর অধীন রেজিস্টার সংরক্ষণ বা উহা পরিদর্শনকারী কোনো কর্মকর্তাকে প্রদর্শন না করা।

২১। আপিল।—(১) বিধি ৫ এর উপ-বিধি (৩), বিধি ৬ এর উপ-বিধি (৭) এবং বিধি ৭, ৯, ১৪, ১৮ ও ১৯ এর অধীন প্রদত্ত কোনো আদেশ বা সিদ্ধান্ত দ্বারা কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে আদেশ বা সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) অনুযায়ী দায়েরকৃত আপিল উহা দায়েরের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে এবং আপিলে প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২২। রহিতকরণ ও হেফাজত।—(১) পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাংলাদেশ চিত্রল হরিণ লালন-পালন নীতিমালা-২০০৯ এবং হাতি লালন-পালন নীতিমালা-২০১১, অতঃপর রহিত নীতিমালাসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত নীতিমালাসমূহের অধীন—

- (ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (খ) গৃহীত লাইসেন্স বিধি ৪ এর উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ না করা পর্যন্ত অব্যাহত ও কার্যকর থাকিবে;
- (গ) কোনো খামার স্থাপিত হইয়া পরিচালনাধীন থাকিলে, উক্ত নীতিমালাসমূহের অধীন ইস্যুকৃত লাইসেন্সের শর্ত লঙ্ঘিত না হইলে, উক্ত খামার এই বিধিমালার অধীন পরিচালিত হইবে;
- (ঘ) ইস্যুকৃত পজেশন সার্টিফিকেট এবং চারণ সার্টিফিকেট উহার মেয়াদ পর্যন্ত এমনভাবে অব্যাহত ও কার্যকর থাকিবে যেন এই বিধিমালা প্রণীত ও জারি হয় নাই;
- (ঙ) কৃত বা গৃহীত কোনো কার্য বা কার্যধারা নিষ্পন্নধীন থাকিলে, উহা যতদূর সম্ভব, এই বিধিমালার বিধান অনুসরণপূর্বক নিষ্পত্তি করিতে হইবে।

তফসিল
[বিধি ৪(৩), ৫(২), ৬(৩), ৬(৫), ৭(২) ও ৯(২) দ্রষ্টব্য]
লাইসেন্স, লাইসেন্স নবায়ন, প্রসেস ও পজেশন সার্টিফিকেট ফি

ক্রমিক নং	বণ্য প্রাণীর নাম	লালন- পালনকারীর প্রকৃতি	লালন- পালনের স্থান/খামারের অবস্থান	লাইসেন্স ফি	লাইসেন্স নবায়ন ফি	প্রসেস ফি	পজেশন ফি (বাৎসরিক)	চারণ ফি (বাৎসরিক)	প্রতিলিপি ফি		
									লাইসেন্স	পজেশন সার্টিফিকেট	চারণ সার্টিফিকেট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
১।	হরিণ	শৌখিন লালন পালনকারী	সমগ্র বাংলাদেশ	-	-	-	প্রত্যেক হরিণের জন্য ১,০০০/= (এক হাজার) টাকা	-	-	১০০০/=	-
		খামারী	সিটি কর্পোরেশন আওতাভুক্ত	২০,০০০/= (বিশ হাজার) টাকা	(ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ২৫(পঁচিশ) ভাগ;	২,০০০/= (দুই হাজার) টাকা	১০০০/=	১০০০/=	-		
			সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র বাংলাদেশ	১০,০০০/= (দশ হাজার) টাকা	(খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৫০(পঞ্চাশ) ভাগ; এবং (গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৮০(আশি) ভাগ।					১০০০/=	১০০০/=

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)
২।	হাতি	খামারী	সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র বাংলাদেশ	২০,০০০/= (বিশ হাজার) টাকা	(ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ২৫(পঁচিশ) ভাগ; (খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৫০(পঞ্চাশ) ভাগ; এবং (গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৮০(আশি) ভাগ।	২,০০০/= (দুই হাজার) টাকা	প্রত্যেক হাতির জন্য ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা	প্রত্যেক হাতির জন্য ২,০০০/= (দুই হাজার) টাকা	১০০০/=	১০০০/=	১০০০/=

ফরম-ক
[বিধি ৪(৩) দ্রষ্টব্য]

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি ৩
কপি

হরিণ/হাতি লালন-পালন খামারের জন্য লাইসেন্সের আবেদন পত্র

- ১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :
- ২। পূর্ণ ঠিকানা-
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
- ৩। হরিণ/হাতি লালন-পালনের জায়গার অবস্থান-
(ক) দাগ নং: (খ) মৌজা :
(গ) খতিয়ান নং: (ঘ) গ্রামের নাম :
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
(ছ) জমির মোট পরিমাণ: (জ) ম্যাপ :
- ৪। (ক) হরিণ/হাতি প্রাপ্তির উৎস : ক্রয়/দান/বিনিময়/অন্যান্য [প্রযোজ্য
ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিন]
(খ) হরিণ/হাতি প্রাপ্তির উৎসের নাম ও ঠিকানা :

অজ্ঞীকারনামা

আমি এই মর্মে অজ্ঞীকার করিতেছি যে,-

- (১) হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা, ২০১৭ এর বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;
- (২) আমার বরাবরে ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ:খ্রি:

আবেদনকারীর স্বাক্ষর
(.....)

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত-

- (ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;
- (খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা:-
 - (১)
 - (২)
 - (৩)

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :
তারিখ :
পদবি :
সীল :

সংযুক্তি:

- ১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ২। হরিণ/হাতি লালন-পালনের জন্য প্রস্তাবিত ভূমির নকশাসহ মালিকানা/ইজারা সংক্রান্ত কাগজাদি।
- ৩। হরিণ/হাতি প্রাপ্তির উৎস কর্তৃক প্রদত্ত কাগজাদি।

ফরম-খ
[বিধি ৫(১) দ্রষ্টব্য]

হরিণ/হাতি লালন-পালন খামারের জন্য লাইসেন্স

- ১। হরিণ/হাতি লালন-পালনকারী/খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :
- ২। পূর্ণ ঠিকানা-
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
- ৩। হরিণ/হাতি লালন-পালনের জায়গার অবস্থান-
(ক) দাগ নং : (খ) মৌজা :
(গ) খতিয়ান নং : (ঘ) গ্রামের নাম :
(ঙ) রাস্তার নাম : (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
(ছ) উপজেলা : (জ) জেলা :
(ঝ) জায়গার পরিমাণ :
- ৪। লাইসেন্স ইস্যুর তারিখ :
লাইসেন্সিং কর্তৃপক্ষের-
স্বাক্ষর :
নাম :
পদবি :
সীল :

খামার পরিচালনার শর্তাবলি :

১। খামারীকে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২। পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

৩। লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। আইন বা এই বিধিমালার পরিপন্থি কোনো কার্যের জন্য খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যেকোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিবরণ :

ক্রমিক নং	নবায়নের তারিখ	নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর
(১)	(২)	(৩)
১।
২।
৩।

ফরম-গ

[বিধি ৬(২) দ্রষ্টব্য]

খামারীর জন্য ইস্যুকৃত লাইসেন্সের নবায়নের আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- পিতা/স্বামীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- মাতার নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- জন্ম তারিখ :
- জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
- মোবাইল ফোন নম্বর :
- কর সনাক্তকরণ (TIN) নং :
- পেশা :
- জাতীয়তা :
- ২। পূর্ণ ঠিকানা- :
- (ক) স্থায়ী :
- (খ) বর্তমান :
- ৩। খামারের জমির বিস্তারিত বিবরণ- :
- (ক) দাগ নং : (খ) মৌজা :
- (গ) খতিয়ান নং : (ঘ) পরিমাণ (শতাংশ) :
- (ঙ) গ্রামের নাম : (চ) রাস্তার নাম :
- (ছ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন : (জ) উপজেলার নাম :
- ৪। মূল আবেদনে উল্লিখিত স্থানের পরিবর্তন হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহার কারণ :
- ৫। খামারের বিরুদ্ধে কোনো মামলা দায়ের বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা :
- ৬। খামারের বিরুদ্ধে কোনো বিরূপ পরিদর্শন প্রতিবেদন রহিয়াছে কিনা :
- ৭। খামারের মালিকানার পরিবর্তন হইয়াছে কিনা :
- ৮। লাইসেন্স- :
- (ক) ইস্যুর তারিখ :
- (খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- (গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :

- ৯। পজেশন সার্টিফিকেট-
 (ক) ইস্যুর তারিখ :
 (খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
 (গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :

সংযুক্তি

- ১। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
 ২। পজেশন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।

সত্য পাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:.....খ্রিঃ

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত-

- (ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;
 (খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—
 (১);
 (২);
 (৩)।

অতএব আবেদনকারী বরাবর লাইসেন্স নবায়ন করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

ফরম-ঘ

[বিধি ৭(২) দ্রষ্টব্য]

পজেশন সার্টিফিকেটের জন্য আবেদনপত্র

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি
৩ কপি

- ১। শৌখিন লালন-পালনকারী/খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :
- ২। পজেশন ফি জমার-
(ক) চালান নম্বর :
(খ) তারিখ :
(গ) ব্যাংক/ট্রেজারির নাম :
- ৩। পূর্ণ ঠিকানা-
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
- ৪। হরিণ/হাতি লালন-পালনের জায়গার অবস্থান-
(ক) দাগ নং : (খ) মৌজা :
(গ) খতিয়ান নং : (ঘ) গ্রামের নাম :
(ঙ) রাস্তার নাম : (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
(ছ) জমির মোট পরিমাণ : (জ) ম্যাপ :
- ৫। (ক) হরিণ/হাতি প্রাপ্তির উৎস : ক্রয়/দান/বিনিময়/অন্যান্য [প্রযোজ্য
ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন]
(খ) হরিণ/হাতি প্রাপ্তির উৎসের নাম ও ঠিকানা :
- ৬। হরিণ/হাতির সংখ্যা
- ৭। লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)-
(ক) ইস্যুর তারিখ :
(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :

অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে-

- (১) হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা, ২০১৭ এর বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;
- (২) আমার বরাবরে ইস্যুকৃত পজেশন সার্টিফিকেটে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ:..... খ্রিঃ

আবেদনকারীর স্বাক্ষর

(.....)

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত-

- (ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;
- (খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—
 - (১)
 - (২)
 - (৩)

অতএব, আবেদনকারী বরাবর পজেশন সার্টিফিকেট ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

সংযুক্তি :

- ১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ২। হরিণ/হাতি লালন-পালনের জন্য প্রস্তাবিত ভূমির নকশাসহ মালিকানা/ইজারা সংক্রান্ত কাগজাদি বা, ক্ষেত্রমত, হরিণ/হাতি লালন-পালনের লাইসেন্সের অনুলিপি।
- ৩। হরিণ/হাতি প্রাপ্তির উৎস কর্তৃক প্রদত্ত কাগজাদি।

ফরম-৬

[বিধি ৭(৩) দ্বারা]

পজেশন সার্টিফিকেট

- ১। শৌখিন লালন-পালনকারী/খামারীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- পিতা/স্বামীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- মাতার নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- জন্ম তারিখ :
- পেশা :
- জাতীয়তা :
- জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
- মোবাইল ফোন নম্বর :
- কর সনাক্তকরণ (TIN) নং :
- ২। পূর্ণ ঠিকানা -
- (ক) স্থায়ী :
- (খ) বর্তমান :
- ৩। হরিণ/হাতি লালন-পালনের জায়গার অবস্থান-
- (ক) দাগ নং : (খ) মৌজা :
- (গ) খতিয়ান নং : (ঘ) গ্রামের নাম :
- (ঙ) রাস্তার নাম : (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
- (ছ) উপজেলা : (জ) জেলা :
- (ঝ) জায়গার পরিমাণ :
- ৪। পজেশন সার্টিফিকেট ইস্যুর তারিখ :

লাইসেন্সিং কর্তৃপক্ষের-

স্বাক্ষর :

নাম :

পদবি :

সীল :

শৌখিন লালন-পালন ও খামার পরিচালনার শর্তাবলি :

- ১। পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার বা শৌখিন হরিণ লালন-পালনের স্থান পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।
- ২। পজেশন সার্টিফিকেটের মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে পরবর্তী বৎসরের পজেশন ফি জমা প্রদানপূর্বক পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং সময়সীমা অতিক্রম হইয়া গেলে পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। আইন বা এই বিধিমালার পরিপন্থি কোনো কার্যের জন্য শৌখিন লালন-পালনকারী/খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

পজেশন সার্টিফিকেট নবায়ন সংক্রান্ত বিবরণ :

ক্রমিক নং	নবায়নের তারিখ	নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর
(১)	(২)	(৩)
১।
২।
৩।

ফরম-চ
[বিধি ৯(২) দ্রষ্টব্য]

চারণ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি ৩ কপি

- ১। খামারীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- পিতা/স্বামীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- মাতার নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- জন্ম তারিখ :
- পেশা :
- জাতীয়তা :
- জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নং :
- মোবাইল ফোন নম্বর :
- কর সনাক্তকরণ (TIN) নম্বর :
- ২। পূর্ণ ঠিকানা—
- (ক) স্থায়ী :
- (খ) বর্তমান :
- ৩। চারণ ফি জমার—
- (ক) চালান নম্বর :
- (খ) তারিখ :
- (গ) ব্যাংক/ট্রেজারির নাম :
- ৪। হাতি লালন-পালনের জায়গার অবস্থান—
- (ক) দাগ নং : (খ) মৌজা :
- (গ) খতিয়ান নং : (ঘ) গ্রামের নাম :
- (ঙ) রাস্তার নাম : (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
- (ছ) জমির মোট পরিমাণ : (জ) ম্যাপ :
- ৫। (ক) হাতি প্রাপ্তির উৎস : ক্রয়/দান/বিনিময়/অন্যান্য [প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন দিন]
- (খ) হাতি প্রাপ্তির উৎসের নাম ও ঠিকানা :
- ৬। হাতির সংখ্যা :
- ৭। যে চারণভূমি/বনাঞ্চলে হাতি চারণ করতে ইচ্ছুক উহার নাম ও অবস্থান :
- ৮। লাইসেন্স—
- (ক) ইস্যুর তারিখ :
- (খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- (গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :
- ৯। পজেশন সার্টিফিকেট—
- (ক) ইস্যুর তারিখ :
- (খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
- (গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :

অজ্ঞীকারনামা

আমি এই মর্মে অজ্ঞীকার করিতেছি যে—

- (১) হরিণ ও হাতি লালন-পালন বিধিমালা, ২০১৭ এর বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিবে।
- (২) আমার বরাবরে ইস্যুকৃত চারণ সার্টিফিকেটে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ : খ্রি.

আবেদনকারীর স্বাক্ষর
(.....)

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

- (ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;
- (খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—
 - (১)
 - (২)
 - (৩)।

অতএব, আবেদনকারী বরাবর চারণ সার্টিফিকেট ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

সংযুক্তি :

- ১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ২। হাতি লালন-পালনের জন্য প্রস্তাবিত ভূমির নকশাসহ মালিকানা/ইজারা সংক্রান্ত কাগজাদিসহ হাতি লালন-পালনের লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের অনুলিপি।
- ৩। হাতি প্রাপ্তির উৎস কর্তৃক প্রদত্ত কাগজাদি।

ফরম-ছ
[বিধি ৯(৩) দ্রষ্টব্য]

চারণ সার্টিফিকেট

- ১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :
- ২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :
- ৩। হাতি লালন-পালনের জায়গায় অবস্থান—
(ক) দাগ নং : (খ) মৌজা :
(গ) খতিয়ান নং : (ঘ) গ্রামের নাম :
(ঙ) রাস্তার নাম : (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
(ছ) উপজেলা : (জ) জেলা :
(ঝ) জায়গার পরিমাণ :
- ৪। চারণভূমি/বনাঞ্চলের নাম ও অবস্থান :
- ৫। চারণ সার্টিফিকেট ইস্যুর তারিখ :

লাইসেন্সিং কর্তৃপক্ষের—

স্বাক্ষর :
নাম :
পদবি :
সীল :

খামার পরিচালনার শর্তাবলি :

- ১। পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

- ২। চারণ সার্টিফিকেটের মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে পরবর্তী বৎসরের চারণ সার্টিফিকেট ফি জমা প্রদানপূর্বক পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং সময়সীমা অতিক্রম হইয়া গেলে চারণ সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৩। আইন বা এই বিধিমালার পরিপন্থী কোনো কার্যের জন্য খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

চারণ সার্টিফিকেট নবায়ন সংক্রান্ত বিবরণ :

ক্রমিক নং	নবায়নের তারিখ	নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর
(১)	(২)	(৩)
১।
২।
৩।

ফরম-জ
[বিধি ১৫(১) দৃষ্টব্য]

বই নং.....
লাইসেন্স নং.....
লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ:.....

শৌখিন লালন-পালনকারী/খামারীর ক্রয়, বিক্রয়, দান বা বিনিময়কৃত অথবা জন্মগ্রহণকারী বা
মৃত্যুবরণকারী হরিণ বা হাতির বাৎসরিক হিসাব

(বৎসর.....)

শৌখিন লালন-পালনকারী/খামারীর নাম :.....

পিতা/স্বামীর নাম :.....

মাতার নাম :.....

ঠিকানা :.....

হরিণ/হাতি লালন-পালনের স্থান/খামারের অবস্থান :.....

১। শৌখিন লালন-পালনকারী/খামারীর নিকট বৎসরের প্রারম্ভে মোট হরিণ বা হাতির সংখ্যা :

২। হরিণ ও হাতি ক্রয়, বিক্রয়, দান ও বিনিময়ের ক্ষেত্রে উহার বিস্তারিত বিবরণ :

ক্রমিক নং	হস্তান্তরের ধরন (ক্রয়/বিক্রয়/দান/ বিনিময়/অন্যান্য)	হস্তান্তরিত হরিণ বা হাতির সংখ্যা	হস্তান্তরের তারিখ	যাহার নিকট হস্তান্তর/যাহার নিকট হইতে ক্রয় বা গ্রহণ করা হইয়াছে তাহার নাম ও ঠিকানা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।				
২।				

৩। হরিণ ও হাতির হ্রাস-বৃদ্ধি সম্পর্কিত তথ্য :

ক্রমিক নং	হ্রাস/বৃদ্ধির কারণ (জন্ম/মৃত্যু)	সংখ্যা	তারিখ
(১)	(২)	(৩)	(৪)
১।			
২।			

৪। শৌখিন লালন-পালনকারী/খামারীর নিকট বৎসরান্তে মোট হরিণ বা হাতির সংখ্যা :

ফরম-ঝ

[বিধি ১৫(৪) দ্রষ্টব্য]

বই নং
বৎসর

লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক খামারীকে প্রদত্ত লাইসেন্স, পজেশন সার্টিফিকেট ও চারণ সার্টিফিকেট এবং শৌখিন লালন-পালনকারীকে প্রদত্ত পজেশন সার্টিফিকেট
এবং তাহাদের হরিণ বা হাতির তথ্য

ক্রমিক নং	হরিণ বা হাতি লালন- পালনের স্থান বা খামারের অবস্থান	হরিণ বা হাতি লালন- পালনকারী/ খামারীর নাম	লাইসেন্স নম্বর	লাইসেন্স ইস্যুর তারিখ	লাইসেন্স নবায়নের তারিখ	পজেশন সার্টিফিকেট নম্বর	পজেশন সার্টিফিকেট ইস্যুর তারিখ	পজেশন সার্টিফিকেট নবায়নের তারিখ	চারণ সার্টিফিকেট নম্বর	চারণ সার্টিফিকেট ইস্যুর তারিখ	চারণ সার্টিফিকেট নবায়নের তারিখ	বৎসরের প্রারম্ভে মোট হরিণ বা হাতির সংখ্যা	বৎসরান্তে মোট হরিণ বা হাতির সংখ্যা	হ্রাস বা বৃদ্ধির কারণ (জন্ম/মৃত্যু/ ক্রয়/ বিক্রয়/দান/ বিনিময়/ অন্যান্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ডিসেম্বর ৬, ২০১৭

১৭৬৬৫

ফরম-এ৩
[বিধি ১৬ দ্রষ্টব্য]

খামারীর লাইসেন্স সংক্রান্ত তথ্যাবলি

- ১। খামারীর অবস্থান:.....
- ২। খামারীর নাম:.....
- ৩। পিতা/স্বামীর নাম:.....
- ৪। মাতার নাম:.....
- ৫। ঠিকানা:.....
- ৬। লাইসেন্স নং.....
- ৭। লাইসেন্স ইস্যুর তারিখ :.....
- ৮। লাইসেন্সিং কর্তৃপক্ষের নাম:.....
- ৯। লাইসেন্স নবায়নের তারিখ:.....

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইসতিয়াক আহমদ
সচিব।